ফ্যামিলি গাইড টু প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশট

প্রি-কে মানের স্ন্যাপশট বলতে কী বোঝায়? নিউ ইয়র্ক সিটিব্যাপী প্রতিটি প্রি-কে ফর অল কর্মসূচির মানের বিভিন্ন দিকগুলি বুঝতে এটি একটি উপকরণ যা আপনার জন্য সহায়ক হতে পারে। আপনার জন্য আমাদের লক্ষ্য আপনার সন্তান এবং পরিবারের চাহিদা সর্বাধিক পূরণ করে এমন একটি কর্মসূচি বেছে নেয়ায় আপনাকে তথ্য প্রদান করা।

মানের ব্যাপারে জানতে স্ন্যাপশট হলো অনেকগুলি উপায়ের অন্যতম একটি। আমরা পর্যবেক্ষণের জন্য, প্রি-কে নেতৃত্ব ও শিক্ষকদের কাছে প্রশ্ন জিজ্ঞেস করতে, এবং অন্য পরিবারগুলির সাথে তাদের প্রি-কে অভিজ্ঞতা সম্পর্কে কথা বলতেও আপনাকে উৎসাহিত করি।

প্রি-কে মানের স্ন্যাপশটটি আমি কীভাবে ব্যবহার করতে পারি? প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশট - কর্মসূচির মানের তথ্যের একটি সূত্র যা আপনি প্রি-কে-তে আবেদনের সিদ্ধান্ত গ্রহণের সময় ব্যবহার করতে পারেন। উচ্চ-মানের কর্মসূচিতে অনেকগুলি উপাদান থাকে এবং স্ন্যাপশটের তথ্য কিছু গুরুত্বপূর্ণ মূল্যায়ন এবং সমীক্ষার তথ্য এক জায়গায় দেখার একটি সহজ উপায় হতে পারে।

আপনি যে প্রি-কে কর্মসূচিগুলি বিবেচনা করছেন সেখানকার নেতৃত্ব ও শিক্ষকদের সাথে আলোচনার জন্য স্ন্যাপশট ব্যবহার করতে পারেন। আমরা আপনাকে প্রতিটি প্রি-কে কর্মসূচি সম্পর্কে আরও ভালো বুঝতে আপনার আগ্রহের প্রি-কে কর্মসূচি পরিদর্শনে এবং কর্মসূচির লিডার ও শিক্ষকদের সাথে কথা বলতেও উৎসাহিত করি। কর্মসূচির কর্মীগণ নির্দিষ্ট কর্মসূচির শক্তিশালী দিকগুলি সম্পর্কে আপনাকে বলতে সক্ষম হবে। আমরা স্ন্যাপশট সম্পর্কিত প্রশ্নের উত্তরও কর্মসূচির লিডারদের কাছে প্রত্যাশা করবো।

কর্মসূচি সম্পর্কে কর্মসূচির লিডার এবং শিক্ষকদের জিজ্ঞেস করতে পারেন এমন পরামর্শকৃত প্রশ্নের তালিকার জন্য http://schools.nyc.gov/Academics/EarlyChildhood/parentfamilies সাইট দেখুন।

প্রি-কে মানের স্ন্যাপশটটিতে আমি কীভাবে প্রবেশ করতে পারি? প্রি-কে মানের স্ন্যাপশটে যেতে:

- maps.nyc.gov/preK সাইটে প্রি-কে ফাইন্ডার দেখুন
- আপনি আরও জানতে আগ্রহী এমন যেকোন প্রি-কে কর্মসূচিতে ক্লিক করুন
- "প্রি-কে স্ন্যাপশট " বাটন্-এ ক্লিক করুন।

প্রি-কে কোয়ালিটি দেখতে কেমন? গবেষণায় দেখা গেছে, যেসব শিক্ষার্থীর উচ্চ-মানসম্পন্ন প্রি-কে অভিজ্ঞতা রয়েছে তারা এলিমেন্টারি স্কুলে ভালো করেছে এবং তাদের হাই স্কুল এবং কলেজ গ্রাজুয়েট হবার সম্ভাবনাও বেশি। উচ্চ-মানসম্পন্ন প্রি-কে-তে, শিক্ষার্থীরা খেলাধূলা, অনুসন্ধান, এবং শিক্ষক ও সহপাঠীদের সাথে সম্পর্ক গড়ে তুলে শিক্ষা লাভ করে। প্রি-কে শিক্ষকগণ সুবিধা অনুযায়ী ক্লাসরুম সেট আপ করে যাতে শিক্ষার্থীরা বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করতে, ক্ষুদ্র গ্রুপে কাজ করতে, এবং বছরের সবসময় স্বনির্ভর হতে শেখে। প্রি-কে এমন একটি সময় যখন শিক্ষার্থীরা একসাথে খেলতে, শেয়ার ও পালাক্রমে কাজ করতে, এবং কথায় নিজেদের চিন্তা এবং অনুভূতির প্রকাশ ঘটায়। শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের খেলনা এবং অন্যান্য সরঞ্জাম ব্যবহার করে স্কুলের ভিতরে এবং বাইরে নানান জিনিস তৈরি, অভিনয়, ড্রইং এবং খেলাধুলা করে। তারা প্রশ্ন জিজ্ঞেস করতে এবং নতুন চিন্তা-ভাবনার উন্মেষ ঘটাতে শেখে। প্রি-কে কর্মসূচিগুলি স্কুলে, বাড়িতে ও জীবনে সফল হওয়ার জন্য ছেলেমেয়েদেরকে শক্ত ভিত্তি গড়ে দেয়।

সকল প্রি-কে কর্মসূচি, এর অন্তর্ভুক্ত এনওয়াইসিডিওই ডিস্ট্রিক্ট স্কুলস, প্রি-কে সেন্টার, নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার (NYCEECs), এবং চার্টার স্কুলস - একই মান সম্পন্ন Pre-K for All Program Quality Standards.

আমরা স্ন্যাপশটে মান পরিমাপ করি কীভাবে? স্ন্যাপশটে অন্তর্ভুক্ত থাকে পরিবার এবং শিক্ষকদের NYC স্কুল সমীক্ষা ছাড়াও কর্মসূচির মূল্যায়নের ড্যাটা। "কর্মসূচি মূল্যায়নসমূহের" ভিত্তি প্রি-কে ক্লাসরুমগুলিতে কী ঘটে সেটি পর্যবেক্ষণের উপর। NYCDOE মূল্যায়ন বিশেষজ্ঞগণ মান পরিমাপ এবং কর্মসূচিগুলিকে তাদের মূল্যায়নের স্কোর দিতে প্রশিক্ষণ প্রাপ্ত। মূল্যায়ন বিশেষজ্ঞগণ নিচের তিনটি পরিমাপের উপকরণ ব্যবহার করেন:

- **ক্লাসরুম মূল্যায়ন স্কোরিং সিস্টেম** (CLASS) একটি জাতীয় উপকরণ যা প্রি-কে ক্লাসরুমে শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে যা ঘটে সেসব পারস্পরিক সম্পর্কের ধরনগুলি পর্যবেক্ষণ করে।
- **আর্লি চাইল্ডহুড এনভায়রনমেন্ট রেটিং স্কেল (ECERS-R)**একটি জাতীয় উপকরণ যা প্রি-কে শিক্ষণ পরিবেশ পর্যবেক্ষণ করে। এই অন্তর্ভুক্ত ক্লাসরুম এবং খেলারমাঠের অবস্থানের মতো জিনিসগুলিও, যেভাবে শিক্ষার্থীদের সুপারভাইজ করা হয়, যেসব সামগ্রী তাদের ব্যবহার করতে হয়, এবং যে পরিমাণ সময় তারা খেলায় ব্যয় করে।
- **কোয়ালিটি রিভিউ** NYCDOE কর্তৃক তৈরি একটি প্রক্রিয়া যা শিক্ষার্থী শিক্ষণ এবং শিক্ষকের অনুশীলনে সহায়তাদানের জন্য ডিস্ট্রিক্ট স্কুলগুলি কতটা সংগঠিত সেটি দেখে। কোয়ালিটি রিভিউ পুরো স্কুলের প্রতি নজর রাখে, শুধু প্রি-কে কর্মসূচির উপর নয়।

CLASS, ECERS-R, এবং কোয়ালিটি রিভিউ প্রতিটি কর্মসূচির জন্য প্রত্যেক বছরে হয় না, কিন্তু আপনি স্ন্যাপশটের গত তিন স্কুল বছরের রেকর্ড থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে পারেন, এর মধ্যে থাকবে প্রতিটি মূল্যায়ন কখন হয়েছে তার তারিখও।

স্ন্যাপশটের রেটিং থেকে কী বোঝা যায়? একটি কর্মসূচির শক্তিশালী এবং উন্নতির দিকগুলি স্ন্যাপশট রেটিংয়ে দেখা যায়। CLASS এবং ECERS-R মূল্যায়ন দ্বারা যেসব ক্ষেত্র পরিমাপ করা হয়, সেগুলির ফল চার বার রেটিংয়ে দেখানো হয়। চারটি বার দিয়ে বোঝায় কর্মসূচিটি এই ক্ষেত্রে "অসাধারণ", তিনটি বার দিয়ে বোঝায় কর্মসূচিটি "ভালো," দুটি বার দিয়ে বোঝায় কর্মসূচিটি "মোটামুটি," এবং একটি বার দিয়ে বোঝায় "উন্নতি প্রয়োজন।" প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশটে বার রেটিংগুলি উপরে আলোচিত কর্মসূচির মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে তৈরি।



NYC স্কুল সমীক্ষা দ্বারা যেসব ক্ষেত্র পরিমাপ করা হয়, স্ন্যাপশটে সেগুলি এই প্রশ্নটি শতকরা কত শতাংশ পরিবার ইতিবাচকভাবে উত্তর দিয়েছে সেটি দেখায়।

প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশট দেখায় প্রতিটি কর্মসূচির রেটিং যা একই স্কুল ডিস্ট্রিক্টের অন্য কর্মসূচিগুলির গড়ের পাশে আছে। এটি আপনাকে প্রতিটি কর্মসূচির পাশের অন্য কর্মসূচিগুলির সাথে তুলনার সুযোগ দেয় যাতে আপনি আপনার সন্তান এবং আপনার পরিবারের চাহিদা সর্বাধিক পূরণ করে এমন একটি কর্মসূচি খুঁজে পান।

কেন কিছু কর্মসূচির কোন স্ন্যাপশট নেই অথবা তাদের স্ন্যাপশটে "প্র/ন" থাকে? যদি কোন কর্মসূচির স্ন্যাপশট না থাকে, তার অর্থ ঐ কর্মসূচির জন্য কোন লভ্য ড্যাটা নেই। যদি কোন কর্মসূচির স্ন্যাপশটে "প্র/ন" থাকে, তার অর্থ ঐ কর্মসুচির ড্যাটা কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য লভ্য নয়। এটি প্রি-কে ফর অল-এ যেসব কর্মসূচি নতুন তাদের বেলায় ঘটতে পারে।

কোন কর্মসূচিতে "প্র/ন" অথবা স্ন্যাপশট না থাকলে, এটি বোঝায় না যে কর্মসূচিটি উচ্চ-মানের নয়, এতে শুধু বোঝায় আমরা এখনও সেটি পরিমাপ করিনি।

সহায়ক লিংকসমূহ

- প্রি-কে আবেদনের তথ্য
- প্রি-কে ফাইন্ডার
- ফ্রেমওয়ার্ক ফর গ্রেট স্কুলস্
- প্রি-কে ফর অল প্রোগ্রাম কোয়ালিটি স্ট্যান্ডার্ড
- প্রোগ্রাম অ্যাসেসমেন্ট ইনফরমেশন
- NYC স্কুল সমীক্ষা
- কোয়ালিটি রিভিউ